

■■ শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

৫৬. প্রশ্ন: এই মাযহাব আবিষ্কারের লক্ষ্য-উদ্দেশ্য কী?

৫৬. উত্তর: যে ব্যক্তি রাফেযী মতবাদ আবিষ্কার করেছে, তার লক্ষ্য-উদ্দেশ্য ছিল দীন ইসলামের মধ্যে ফ্যাসাদ সৃষ্টি করা, তার পবিত্রতা নষ্ট করা এবং তাকে তার অবকাঠামোসহ নির্মূল বা ধ্বংস করা ... আর এটা ইবনু সাবা ও তার অনুসারীদের থেকে পরিচিত। সেই তো এমন ব্যক্তি, যে (রাসূলের পরে) আলী রাদিয়াল্লাহু 'আনহুর ব্যাপারে খিলাফতের নস তথা ভাষ্য রয়েছে বলে বানোয়াট বক্তব্য তৈরি করেছে, (বস্তুত এটা মিথ্যাচার; কারণ আলী রা. এর খিলাফতের ব্যাপারে এ ধরনের কোনো বক্তব্য আল্লাহ বা তাঁর রাসূল প্রদান করেননি) আর সেই তো প্রচলন করেছে যে, আলী রা. মা'সুম (বে-গুনাহ বা পাপমুক্ত)। (এটা তারই তৈরী, ইসলামে কেউই এ ধরণের বিশ্বাস নবী-রাসূল ছাড়া অন্য কারও জন্য করে না) [পৃ. ২১৯ - ২২০, ৭ম খণ্ড]।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12689

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন